

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ১১ মার্চ ২০২৪ |
| সভার সময় | দুপুর ২.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | ‘পরিশিষ্ট-ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহানায়ক, বাঙালির ধুবতারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি আরো স্মরণ করেন ১৫ আগস্ট কালোরাতে ঘাতকদের হাতে শাহাদাত বরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, শিশু শেখ রাসেলসহ জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ এবং জাতীয় চার নেতাসহ মহান মুক্তিযুদ্ধে ও ভাষা আন্দোলনে আত্মদানকারী সকল শহিদদের। সভাপতি পবিত্র রমজানের কথা বিবেচনা করে কর্মসূচি/সিদ্ধান্ত গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন।

অতঃপর তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। উপসচিব (প্রশাসন-৩) মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রাপ্ত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে এবং জাতীয় কর্মসূচির আলোকে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------|---|---|
| ১ | আগামী ২৫শে মার্চ কালোরাতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ে সারাদেশে ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরী স্থাপনা ব্যতীত) কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন অধিশাখা |
| ২ | আগামী ২৬শে মার্চ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন-২ |
| ৩ | মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দেশের সকল জেলখানায় উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | কারা অধিদপ্তর |
| ৪ | সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ভবনসমূহে ২৬ মার্চ তারিখে আলোকসজ্জা করতে হবে। তবে কোনভাবেই ২৫ মার্চ রাতে আলোকসজ্জা করা যাবে না। | অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন অধিশাখা |
| ৫ | সকল আয়োজনে রমজান মাসের পবিত্রতা বজায় রাখতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল)/অধিদপ্তর প্রধান (সকল) |

| | | |
|---|--|--|
| ৬ | সারাদেশে জাতীয় কর্মসূচি বাস্তবায়নে অগ্নিনিরাপত্তা ও দুর্ঘটনা প্রতিরোধে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে। | মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৭ | জাতীয় দিবসের কর্মসূচির সাথে সঙ্গতি রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | অধিদপ্তর প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০২.২৩.২২২

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০

১৩ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
- ২) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
- ৩) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব